



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান শিক্ষকের কার্যালয়  
নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয়

School Code: 6525, EIIN:125061, Phone:055161470, Mobile : 01717016004, Email:headmasterngs1882@gmail.com

তারিখ:- ০৫/০৫/২০২৪খ্রি:

## প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাচ্ছে যে, নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয়, নীলফামারী এর ৬ষ্ঠ তলা ভবন নির্মাণের জন্য বিদ্যালয় ক্যাম্পাসের নির্ধারিত স্থানে ০১(এক)টি জরাজীর্ণ পাকা ভবন ও বিদ্যালয় ছাত্রাবাসচত্বরে অবস্থিত ০১(এক)টি জরাজীর্ণ সেমিপাকা ভবন মোট ০২(দুই)টি ভবন ও ভবনের মালামাল যেখানে যে অবস্থায় আছে প্রকাশ্য নিলামে বিক্রয়ের নিমিত্তে আগামী ০৬/০৫/২০২৪ খ্রি. তারিখ রোজ সোমবার দুপুর ১২ ঘটিকায় নিম্নবর্ণিত শর্তে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	মালামালের বিবরণ
০১	নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয়	০২(দুই)টি জরাজীর্ণ পাকা ও সেমিপাকা ভবন ও ভবনের মালামাল যেখানে যে অবস্থায় আছে।

### শর্তাবলীঃ

- নিলামের অংশগ্রহণকারী ৫০,০০০৮(পঞ্চাশ হাজার) টাকার পে অর্ডার এবং জাতীয় পরিচয়পত্র ও ট্রেড লাইসেন্স এর ফটোকপি, এই বিদ্যালয়ের নিলাম কমিটির আহ্বায়ক এর নিকট জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
- সর্বোচ্চ ডাকদাতার ডাক গ্রহণ করা হবে।
- যার ডাক গৃহীত হবে তিনি ডাকের সমুদয় টাকা ০৩(তিন) দিনের মধ্যে জমা দিবেন এবং নিলামকৃত নির্ধারিত ০২(দুই)টি জরাজীর্ণ পাকা ও সেমিপাকা ভবন ও ভবনের মালামাল যেখানে যে অবস্থায় আছে কার্যাদেশ প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে এই বিদ্যালয়ের নিলাম কমিটির আহ্বায়কের নিকট থেকে বুঝে নিতে হবে।
- সর্বোচ্চ ডাকদাতা ০৩(তিন) দিনের মধ্যে ডাকের সমুদয় মূল্য জমা প্রদানে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
- যাদের ডাক গৃহীত হবে না তাদের জমাকৃত টাকা নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক তাৎক্ষণিক ফেরত প্রদান করা হবে।
- কার্যাদেশ দেওয়ার ২০(বিশ) দিনের মধ্যে নির্ধারিত ০২(দুই) টি জরাজীর্ণ পাকা ও সেমিপাকা ভবন ও ভবনের মালামাল যেখানে যে অবস্থায় আছে নিজ খরচে অপসারণ করতে হবে এবং অপসারণের সময় যদি বিদ্যালয়ের কোন ভবন বা দেয়াল বা স্থাপনা বা কোন জিনিসপত্রের ক্ষতি হয় তবে কার্যাদেশ প্রাপ্ত ডাকদাতাকে নিজ খরচে মেরামত করে দিতে হবে।
- ডাকদাতা কর্তৃক নিলামের মোট দরের উপর বিধি মোতাবেক নির্ধারিত(১৫%) হারে মূল্য সংযোজন কর এবং আয়কর(০৫%) পরিশোধ করতে হবে।
- যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

*N. Ray*  
05.05.2024

নলিনী কান্ত রায়

প্রধান শিক্ষক

নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয়,  
নীলফামারী।

### অনুলিপি, অবগতি ও কার্যার্থেঃ

- ০১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ০২। নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নীলফামারী।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, নীলফামারী।
- ০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নীলফামারী।
- ০৫। আহ্বায়ক, নিলাম কমিটি, নীলফামারী সরকারি উচ্চ বিদ্যালয়, নীলফামারী।
- ০৬। অফিস কপি/নোটিশ বোর্ড।